

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ নভেম্বর ২০২২ খ্রি.

শহিদ নগর সিটি কর্পো. বালিকা উচ্চ বিদ্যালয়ে পানি বিশুদ্ধকরণ মেশিন উদ্বোধনকালে মেয়র  
**মানুষের সুস্থ্য সুরক্ষায় বিশুদ্ধ পানির বিকল্প নেই**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, বিশুদ্ধ পানি সব ধরনের মানবাধিকারের ভিত্তি হিসেবে স্বীকৃত। সবার জন্য উন্নত উৎসের পানি নিশ্চিত করার ক্ষেত্রে বাংলাদেশ অনেক এগিয়ে গেছে। নিরাপদ খাবার পানির অভাবে শিশু-কিশোরীদের স্বাস্থ্য পুষ্টি, শিক্ষা সুরক্ষাসহ অন্যান্য বিষয়ের উপর প্রভাব ফেলে। বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিশুদ্ধ পানি পানে যে প্রতিষ্ঠান উদ্যোগী হয়েছেন তাদের আমি আন্তরিক ধন্যবাদ জানাই। কারণ মানুষের সুস্থ্য সুরক্ষায় বিশুদ্ধ পানির বিকল্প নেই। জন্য আজ বুধবার সকালে শহীদ নগর সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিরাপদ পানি নিশ্চিত বিশুদ্ধ পানির মেশিন উদ্বোধন ও সাউন্ড সিস্টেম বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু তৈয়বের সভাপতিত্বে ও মৌলভী আনছার উল্লাহর সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন-লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার। এতে উপস্থিত ছিলেন-মুক্তিযোদ্ধা শেখ দেলোয়ার হোসেন, এনজিও সংস্থা হাসির পক্ষে মো. মহিউদ্দিন, মো. মোরশেদ, আবুল হাসনাত, আবদুল্লাহ আইয়ুব, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা হাবীবুল আলম পেয়ার, মো. মোজাম্মেল হোসেন সোহাগ, তপন সিং প্রমুখ।

মেয়র আরো বলেন, শিক্ষার্থীদের স্কুল গন্ডি থেকে শুদ্ধ আচার-আচরণ, শিষ্টাচার ও বিনয়ী হওয়ার শিক্ষা গ্রহণ করতে হবে। মনে রাখতে হবে বিনয়ী হচ্ছে মানুষের জন্য বড় অহংকার। শিক্ষা শুধু সার্টিফিকেট অর্জনের জন্য নয়, প্রকৃত জ্ঞান অর্জন করতে পারলেই সুশিক্ষিত হওয়া সম্ভব। প্রসঙ্গক্রমে তিনি বলেন, হাত ধোয়া আমরা প্রায় ভুলেই গিয়েছিলাম করোনাকালে হাত ধোয়া আমাদের অভ্যাসে পরিণত হয়েছে। হাত থেকে অনেক জীবানু আমাদের পানি, খাবার ও নাক মুখ দিয়ে প্রবেশ করে বিভিন্ন রোগের সৃষ্টি হয়। এই রোগবলাই থেকে মুক্তি পেতে হলে আমাদের নিয়মিত হাত ধুতে হবে এবং পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে।

মেয়র শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার সঠিক ইতিহাস সম্পর্ক জ্ঞান প্রদান করতে হবে। বর্তমান প্রজন্ম আমাদের গৌরবগাঁথা মুক্তিযুদ্ধ ও ঐতিহ্য সম্পর্কে কিছুই জানেনা। তাদের এ ব্যাপারে বিশেষ ব্যবস্থায় ক্লাশ নিয়ে প্রকৃত ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে জানাতে হবে। তিনি পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে সত্ত্বাহে একদিন শিক্ষার্থীদের দ্বারা স্কুলের আঙ্গিনা ও শ্রেণীকক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন করার মাধ্যমে প্রাত্যহিক জীবনে তা চর্চার অভ্যাস গড়ে তুলতে শিক্ষকদের ভূমিকা রাখার আহ্বান জানান। মেয়র অনুষ্ঠানে বিদ্যালয়েল এসেম্বলী ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনার জন্য সাউন্ড সিস্টেম প্রদান করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

**বিভিন্ন অপরাধে ২৭ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন নগরীর চান্দগাঁও আবাসিক এলাকায় চলাচলের রাস্তায় নির্মাণ সামগ্রী রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ২ ব্যক্তিকে ১৬ হাজার টাকা ও বাদুরতলা এলাকায় ফুটপাথ দখল করে দোকান বসিয়ে ব্যবসা পরিচালনা করার অপরাধে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং অবৈধ দোকান উচ্ছেদ করে দখল মুক্ত করা হয়। একই আদালত কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ২ ব্যক্তিকে ৭ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩